রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জানুয়ারি ২১, ২০২৬

[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। ]

**বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ**
**৩৭/এ, দিলকুশা বা/এ**
**ঢাকা-১০০০**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৩ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ/ ০৭ জানুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

**এস. আর. ও. নং ০৫-আইন/২০২৬।**—বীমা আইন, ২০১০ (২০১০ সনের ১৩নং আইন) এর ধারা ১৪৮, ধারা ৮১ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, সরকারের অনুমোদনক্রমে, নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিল, যথা:—

১। **শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই প্রবিধানমালা বীমাকারীর উপদেষ্টা নিয়োগ (যোগ্যতা ও অভিজ্ঞতা) প্রবিধানমালা, ২০২৬ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।**—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই প্রবিধানমালায়—

(ক) **"আইন"** অর্থ বীমা আইন, ২০১০ (২০১০ সনের ১৩ নং আইন);

(খ) **"উপদেষ্টা"** অর্থ আইনের ধারা ৮১-তে বর্ণিত উপদেষ্টা;

(গ) **"কর্তৃপক্ষ"** অর্থ বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সনের ১২ নং আইন) এর ধারা ৩ এর অধীন প্রতিষ্ঠিত বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ; এবং

(ঘ) **"বীমাকারী"** অর্থ আইনের ধারা ২ এর দফা (২৫) এ সংজ্ঞায়িত বীমাকারী।

(২) এই প্রবিধানমালায় ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা হয় নাই, সেই সকল শব্দ বা অভিব্যক্তি বীমা আইন, ২০১০ এবং বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ এ যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে প্রযোজ্য হইবে।

৩। **বীমাকারীর উপদেষ্টার নিয়োগ যোগ্যতা ও অভিজ্ঞতা।**—বীমাকারী, কর্তৃপক্ষের অনুমোদনক্রমে, নিম্নবর্ণিত যেকোনো যোগ্যতা ও অভিজ্ঞতাসম্পন্ন কোনো ব্যক্তিকে উপদেষ্টা হিসাবে নিয়োগ করিতে পারিবে, যথা:—


মূল্য : টাকা ৮.০০

(ক) বীমাকারীর মুখ্য নির্বাহী কর্মকর্তা হিসাবে অন্যূন ৩ (তিন) বৎসরের কর্মের অভিজ্ঞতা; অথবা

(খ) নিম্নবর্ণিত যেকোনো স্বীকৃত পেশাগত সনদসহ অন্যূন ৩ (তিন) বৎসরের বীমা সংশ্লিষ্ট কর্মের অভিজ্ঞতা—

(অ) Institute and Faculty of Actuaries, UK বা Society of Actuaries, USA এর Fellow বা Associate; অথবা

(আ) International Actuarial Association (IAA) এর সদস্যভুক্ত Actuarial Professional Body এর Fellow বা Associate; অথবা

(ই) Chartered Insurance Institute of UK এর Fellow বা Associate; অথবা

(ঈ) Life Management Institute (Life Insurance Industry Accreditation) of USA এর Fellow বা Associate; অথবা

(গ) Associate of Bangladesh Insurance Academy (ABIA) এর সনদসহ অন্যূন ৬ (ছয়) বৎসরের বীমা সংশ্লিষ্ট কর্মের অভিজ্ঞতা; অথবা

(ঘ) নিম্নবর্ণিত যেকোনো স্বীকৃত পেশাগত সনদসহ অন্যূন ৬ (ছয়) বৎসরের কর্মের অভিজ্ঞতা—

(অ) Institute of Chartered Accountants of Bangladesh (ICAB) এর Fellow বা Associate; অথবা

(আ) Institute of Chartered Accountants of England and Wales এর Fellow বা Associate; অথবা

(ই) Association of Chartered Certified Accountants (ACCA) এর Fellow বা Associate; অথবা

(ঈ) Institute of Cost and Management Accountants of Bangladesh (ICMAB) এর Fellow বা Associate; অথবা

(উ) Chartered Financial Analyst (CFA) of USA; অথবা

(ঊ) Certified Public Accountants (CPA) of USA or Canada; অথবা

(ঙ) ইনস্টিটিউট অব চার্টার্ড সেক্রেটারীজ অব বাংলাদেশ (আইসিএসবি) কর্তৃক প্রদত্ত চার্টার্ড সেক্রেটারীজ ডিগ্রি এবং বীমা সেক্টরে অন্যূন ৩ (তিন) বৎসরসহ অন্যূন ৬ (ছয়) বৎসরের কর্মের অভিজ্ঞতা; অথবা

(চ) দেশের বীমা খাতের উন্নয়নে সরকারের নীতি নির্ধারণী পর্যায়ে এবং আর্থিক প্রতিষ্ঠান বিভাগের অধীনস্থ সংবিধিবদ্ধ সংস্থায় বীমা সংক্রান্ত বিষয়ে অন্যূন ৩ (তিন) বৎসরের কর্মের অভিজ্ঞতাসহ সরকারের অবসরপ্রাপ্ত অন্যূন উপসচিব; অথবা

(ঝ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয়ে ব্যাংকিং এন্ড ইন্স্যুরেন্স বা রিস্ক ম্যানেজমেন্ট বিষয়ে অধ্যাপক পদে চাকরির অভিজ্ঞতাসহ অন্যূন ১২ (বারো) বৎসরের কর্মের অভিজ্ঞতা; অথবা

(জ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক বা সমমানের ডিগ্রিসহ বীমাকারীর সিনিয়র ম্যানেজমেন্টে অন্যূন ৬ (ছয়) বৎসরের কর্মের অভিজ্ঞতা।

**ব্যাখ্যা।**—দফা (জ) এর উদ্দেশ্যপূরণকল্পে, **"সিনিয়র ম্যানেজমেন্ট"** অর্থ বীমাকারী মুখ্য নির্বাহী কর্মকর্তা বা ব্যবস্থাপনা পরিচালক, অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক, উপ ব্যবস্থাপনা পরিচালক, প্রধান আর্থিক কর্মকর্তা, কোম্পানি সচিব, প্রধান বিনিয়োগ কর্মকর্তা, প্রধান ঝুঁকি কর্মকর্তা, অভ্যন্তরীণ নিরীক্ষা ও কমপ্লায়েন্সের প্রধান পদে কর্মরত ব্যক্তিগণ।

৪। **বীমাকারীর উপদেষ্টার নিয়োগ অযোগ্যতা।**—কোনো ব্যক্তি উপদেষ্টা হিসাবে নিয়োগলাভের যোগ্য হইবেন না, যদি—

(ক) তিনি বা তাহার পরিবারের কোনো সদস্য সংশ্লিষ্ট বীমাকারীর উদ্যোক্তা শেয়ারহোল্ডার কিংবা পরিচালক কিংবা মুখ্য নির্বাহী কর্মকর্তা হন; অথবা

(খ) তিনি বাংলাদেশের নাগরিক বা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন; অথবা

(গ) তিনি শারীরিক বা মানসিক অসামর্থ্যের কারণে দায়িত্ব পালনে অক্ষম হন; অথবা

(ঘ) তিনি কোনো উপযুক্ত আদালত কর্তৃক দেউলিয়া বলিয়া ঘোষিত হন; অথবা

(ঙ) তিনি কোনো ব্যাংক বা ফাইন্যান্স কোম্পানি কর্তৃক ঋণখেলাপী হিসাবে ঘোষিত হন; অথবা

(চ) তিনি নৈতিক স্খলনজনিত কোনো অপরাধের দায়ে দোষী সাব্যস্ত হইয়া আদালত কর্তৃক অন্যূন ৬ (ছয়) মাস বা তদূর্ধ্ব মেয়াদের কারাদণ্ডে দণ্ডিত হন এবং উক্ত দণ্ড হইতে মুক্তি লাভের পর ৩ (তিন) বৎসর সময় অতিক্রান্ত না হয়; অথবা

(ছ) তিনি অন্য কোনো বীমা কোম্পানি বা ফাইন্যান্স কোম্পানিতে কোনো পদে থাকাকালীন তাহার পদের ক্ষমতার অপব্যবহার বা দুর্নীতির কারণে অপসারিত হইয়া থাকেন; অথবা

(জ) তিনি কোনো ব্যাংক, বীমা বা ফাইন্যান্স কোম্পানির পরিচালক হন; অথবা

(ঝ) তিনি কোনো মানি লন্ডারিং বা আর্থিক অপরাধ বা প্রতারণার কারণে উপযুক্ত কর্তৃপক্ষের অভিযোগের প্রেক্ষিতে চার্জশীটভুক্ত হন এবং উক্ত অভিযোগ হইতে অব্যাহতি না পান; অথবা

(ঞ) তিনি কোনো অনিয়ম ও দুর্নীতির কারণে ফৌজদারি মামলায় চার্জশীটভুক্ত হন এবং উক্ত অভিযোগ হইতে অব্যাহতি না পান।

**ব্যাখ্যা।**—এই প্রবিধানের উদ্দেশ্য পূরণকল্পে, **"ফাইন্যান্স কোম্পানি"** অর্থ ফাইন্যান্স কোম্পানি আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৯ নং আইন) এর ধারা ২ এর দফা (১৭) তে সংজ্ঞায়িত ফাইন্যান্স কোম্পানি।

৫। **উপদেষ্টা নিয়োগ পদ্ধতি।**—(১) উপদেষ্টা হিসাবে নিয়োগ প্রস্তাবের ক্ষেত্রে নিম্নবর্ণিত কাগজাদি দাখিল করিতে হইবে, যথা:—

(ক) নির্ধারিত দায়িত্ব ও কর্তব্যের বিবরণসহ উপদেষ্টা নিয়োগের যৌক্তিকতা;

(খ) খসড়া নিয়োগপত্র ও চুক্তিপত্রের কপি;

(গ) জীবন বৃত্তান্তসহ সম্প্রতি তোলা ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি;

(ঘ) জাতীয় পরিচয়পত্র বা পাসপোর্টের কপি;

(ঙ) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদের সত্যায়িত কপি;

(চ) পরিচালনা পর্ষদের এতদ্সংক্রান্ত সিদ্ধান্তের কপি;

(ছ) প্রবিধান ৪ অনুযায়ী অযোগ্যতা না থাকিবার স্বপক্ষে প্রস্তাবিত ব্যক্তির একটি হলফনামাসহ আবেদন পত্র; এবং

(জ) পুনঃনিয়োগের ক্ষেত্রে, বীমাকারীর চেয়ারম্যান কর্তৃক প্রতিস্বাক্ষরিত বীমাকারীর পরিচালনা পর্ষদ কর্তৃক উপদেষ্টার কাজের মূল্যায়ন সংক্রান্ত প্রতিবেদন।

(২) উপ-প্রবিধান (১) এর দফা (খ) এ বর্ণিত খসড়া চুক্তিপত্রে উপদেষ্টার দায়িত্ব ও কর্তব্য সুস্পষ্টভাবে উল্লেখ থাকিবে।

(৩) নিয়োগকৃত উপদেষ্টাকে পুনঃনিয়োগ করিতে চাহিলে নিয়োগ চুক্তির মেয়াদ উত্তীর্ণ হইবার অন্যূন ৪৫ (পঁয়তাল্লিশ) দিন পূর্বে কর্তৃপক্ষের নিকট প্রস্তাব দাখিল করিতে হইবে।

(৪) কর্তৃপক্ষ উপদেষ্টা পদে নিয়োগ বা পুনঃনিয়োগের প্রস্তাব পাইবার ৪৫ (পঁয়তাল্লিশ) দিনের মধ্যে সিদ্ধান্ত প্রদান করিবে।

৬। **উপদেষ্টা নিয়োগের মেয়াদ।**—(১) উপদেষ্টা হিসাবে সর্বোচ্চ ৩ (তিন) বৎসর পর্যন্ত চুক্তিভিত্তিক নিয়োগ বা পুনঃনিয়োগ করা যাইবে।

(২) পরিচালনা পর্ষদের প্রস্তাব মোতাবেক কর্তৃপক্ষের অনুমোদনের ভিত্তিতে কোনো উপদেষ্টা তাহার বয়স ৭৬ (ছিয়াত্তর) বৎসর হওয়া পর্যন্ত উক্ত পদে বহাল থাকিতে পারিবেন।

৭। **উপদেষ্টার পারিশ্রমিক ও অন্যান্য আর্থিক সুবিধাদি।**—(১) উপদেষ্টা পদ বীমাকারীর জনবল কাঠামোতে স্থায়ী পদ হিসাবে গণ্য হইবে না।

(২) চুক্তিভিত্তিক উপদেষ্টার পারিশ্রমিক ও অন্যান্য সুবিধা উপদেষ্টার অভিজ্ঞতা, যোগ্যতা, বীমাকারীর কাজের পরিধি, আর্থিক অবস্থা, ব্যবসায়ের পরিমাণ, ইত্যাদি বিষয় বিবেচনাক্রমে বীমাকারীর পরিচালনা পর্ষদ কর্তৃক নির্ধারিত হইবে এবং তাহা নিয়োগ চুক্তিতে সুস্পষ্টভাবে উল্লেখ থাকিবে।

(৩) উপ-প্রবিধান (২) এ উল্লিখিত পারিশ্রমিক সংশ্লিষ্ট বীমাকারীর মুখ্য নির্বাহী কর্মকর্তার বেতন-ভাতা ও অন্যান্য সুবিধাদি অপেক্ষা অধিক হইবে না।

(৪) নিয়োগ চুক্তির মেয়াদকালীন চুক্তির শর্তাবলিতে বর্ণিত পারিশ্রমিক ও অন্যান্য সুবিধা পরিবর্তন করা যাইবে না:

তবে শর্ত থাকে যে, পুনঃনিয়োগের সময় উপদেষ্টার কাজের পরিধি ও যোগ্যতা এবং দক্ষতা বিবেচনাক্রমে উপদেষ্টার পারিশ্রমিক ও অন্যান্য সুবিধার পুনঃনির্ধারণ প্রস্তাব বীমাকারী পরিচালনা পর্ষদের সুপারিশক্রমে, কর্তৃপক্ষের নিকট পেশ করিতে হইবে।

৮। **নিয়োগ চুক্তির অবসান।**—(১) কোনো বীমাকারী বা উপদেষ্টা কর্তৃপক্ষকে কারণ অবহিত করিয়া এক মাসের নোটিশ প্রদানপূর্বক উপদেষ্টা নিয়োগ চুক্তির অবসান করিতে পারিবে।

(২) উপদেষ্টা নিয়োগ চুক্তির অবসানের ক্ষেত্রে, চুক্তি অনুযায়ী দেনা-পাওনা পরিশোধ করিতে হইবে।

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের আদেশক্রমে

**ড. এম আসলাম আলম**
চেয়ারম্যান
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd